গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
প্রশাসন শাখা-০২ (সেবা ও অন্যান্য)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd

স্মারক নং- ১৪.০০.০০০০.০০০.০০৩.০৭.০০০৪.২৫.২২৫

তারিখ: ২০ পৌষ ১৪৩২ / ০৪ জানুয়ারি ২০২৬

# উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের জন্য স্টেশনারী সামগ্রী এবং কম্পিউটার সামগ্রী ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্টের আওতায় **যখন প্রয়োজন তখন সরবরাহ ভিত্তিতে** ক্রয় করা হবে। সে লক্ষ্যে আগ্রহী অভিজ্ঞ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত তারিখ, সময় ও শর্তাবলী পরিপালন স্বাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে:

| | | | |
|---|---|---|---|
| ০১ | **মন্ত্রণালয়/বিভাগ** | : | **ডাক ও টেলিযোগাযোগ বিভাগ** |
| ০২ | দরপত্রের নাম | : | ফ্রেমওয়ার্ক চুক্তির মাধ্যমে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের জন্য বিভিন্ন দ্রব্যসামগ্রী ক্রয়। |
| ০৩ | দরপত্রের কারণ | : | ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য **'যখন প্রয়োজন তখন সরবরাহ ভিত্তিতে'** স্টেশনারী, কম্পিউটার সামগ্রী সরবরাহকারী (ঠিকাদার প্রতিষ্ঠান) নিয়োগ। |
| ০৪ | দরপত্র প্যাকেজের নাম | : | ডাক ও টেলিযোগাযোগ বিভাগের জন্য প্যাকেজ-জিআর/১৪ : স্টেশনারী দ্রব্যসামগ্রী এবং প্যাকেজ-জিআর/০৮ : কম্পিউটার সামগ্রী ক্রয় |
| ০৫ | পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) |
| ০৬ | বাজেট এবং অর্থের উৎস | | রাজস্ব খাত (জিওবি) |
| ০৭ | দরপত্র নম্বর | : | ১৪.০০.০০০০.০০০.০০৩.০৭.০০০৪.২৫.২২৫ |
| ০৮ | দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | : | ০৬.০১.২০২৬ খ্রি: |
| ০৯ | দরপত্র দলিল প্রাপ্তির স্থান | : | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ |
| ১০ | দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | : | ১৫.০১.২০২৬ তারিখ বেলা ৩.০০ টা পর্যন্ত |
| ১১ | দরপত্র জমাদানের স্থান, শেষ তারিখ ও সময় | : | বাংলাদেশ সচিবালয়ের দর্শনার্থী প্রবেশ গেইট, ১৮.০১.২০২৬, বেলা ০১.০০ টা পর্যন্ত, |
| ১২ | দরপত্র গ্রহণকারী কার্যালয়ের নাম | : | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ |
| ১৩ | দরপত্র উন্মুক্তের তারিখ, সময় ও স্থান | | ১৮.০১.২০২৬, বেলা ০২.০০ টায়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সভাকক্ষ |
| ১৪ | পণ্য সরবরাহের স্থান | : | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ |
| ১৫ | সরবরাহের সময় | : | চুক্তি মোতাবেক কার্যাদেশ প্রাপ্তির ২০ কার্যদিবসের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে। |
| ১৬ | দরপত্র জামানতের পরিমাণ | : | যুগ্মসচিব (প্রশাসন), ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুকূলে প্রদেয় দরপত্র জামানত হবে উদ্ধৃত মূল্যের ২% [প্রতিটি লটের জন্য আলাদা আলাদা ভাবে দাখিল করতে হবে] |
| ১৭ | দরদাতার যোগ্যতা ও শর্তাবলী | : | দরদাতার জন্য নির্ধারিত যোগ্যতা এবং শর্তাবলী বিজ্ঞপ্তি ও সিডিউলের সাথে সংযুক্ত আছে। |
| ১৮ | দরপত্র আহবানকারী/ক্রয়কারী (Procuring entity) কর্মকর্তার পদবী ও ফোন নম্বর | : | যুগ্মসচিব (প্রশাসন), ফোন: ০২-৫৫১০১৩৮৮ |
| ১৯ | ক্রয়কারী কার্যালয়ের প্রধান (Head of the procuring entity) | : | সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। |
| ২০ | প্রতিটি প্যাকেজের দরপত্র বিক্রয়মূল্য | : | ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) |

*অপর পৃষ্ঠা দ্রষ্টব্য*

**দরদাতাদের প্রতি বিশেষ নির্দেশাবলী:**

১. দর দাখিলকারী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে প্রতিষ্ঠাতার স্বাক্ষরসহ দরপ্রস্তাব দাখিল করতে হবে। দাখিলকৃত দর সুস্পষ্টভাবে অংকে ও কথায় লিখতে হবে। কোন ধরনের কাটাকাটি, ঘষামাজা, অস্পষ্টতা ইত্যাদি গ্রহণ করা হবে না।

২. দরপত্রদাতাকে টেন্ডার ডকুমেন্টের সকল পাতায় অবশ্যই স্বাক্ষরসহ স্পষ্ট অক্ষরে নাম/সীল প্রদান করতে হবে।

৩. দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন নম্বর, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে মালামাল সরবরাহের সর্বোচ্চ ০৩(তিন) বছরের পূর্ব অভিজ্ঞতার সনদপত্র (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে সংগৃহীত) সত্ত্বাধিকার NID এর সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্রের সাথে সিডিউলে ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করে দরপত্র দাখিল করতে হবে।

৪. যদি কোন দরদাতা অসত্য/ভুল তথ্য বা জাল সার্টিফিকেট দাখিল করেন তবে তার দরপত্র বাতিল হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. সীলমোহরকৃত দরপত্র খামের উপরিভাগে সংক্ষিপ্ত কাজের নাম ও পার্শ্বে দরদাতাগণের পূর্ণ নাম এবং ঠিকানা (সীলমোহরসহ) পরিষ্কারভাবে লিপিবদ্ধ থাকতে হবে।

৬. দরপত্রের যাবতীয় কার্যক্রম 'পাবলিক প্রকিউরমেন্ট অধ্যাদেশ-২০২৫' এবং 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫' সহ এ সংক্রান্ত সর্বশেষ জারিকৃত পরিপত্র/নির্দেশনা অনুসারে পরিচালিত হবে।

৭. বিল থেকে সরকার নির্ধারিত সব ধরনের ভ্যাট, ট্যাক্স এবং সরকারি আদেশ/নির্দেশ অনুযায়ী অন্যান্য কর্তনযোগ্য অর্থ কর্তন করা হবে।

৮. অনিবার্য কারণবশত: নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলা না হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র গ্রহণ এবং খোলা হবে এ সংক্রান্ত নোটিশ ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওয়েব পোর্টালে প্রকাশ করা হবে।

০৯. দরপত্রটি ০১ বছর মেয়াদী ফ্রেমওয়ার্ক চুক্তির মাধ্যমে সম্পাদন হবে। তবে কর্তৃপক্ষ পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করলে চুক্তির মেয়াদ ২০২৫-২৬ অর্থবছরের জন্য প্রযোজ্য হবে।

১০. তালিকাভুক্ত পণ্য/সামগ্রী হতে সিলেকটিভ পণ্যের চাহিদার কম/বেশি ক্রয়ের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১. অসম্পূর্ণ, জামানতবিহীন, দরপত্রের শর্তের সাথে সংগতিবিহীন ইত্যাদি দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. দরপত্রের প্রত্যেকটি কলাম পূরণ করতে হবে।

১৩. দরপত্রের উল্লেখিত মালামালের বিপরীতে একক ও মোট মূল্যের নির্ধারিত খালি ঘর পূরণ করতে হবে। কোন আলাদা কাগজ ব্যবহার করা যাবে না।

১৪. দরপত্রের খামের উপর প্যাকেজ উল্লেখপূর্বক দরপত্র দাতার পূর্ণ ঠিকানা থাকতে হবে।

১৫. দাপ্তরিক প্রয়োজন বিবেচনা করে দরপত্রে উল্লেখিত মালামালের সময়ে সময়ে (Time to time) কার্যাদেশ প্রদান করা হবে, যা দরপত্রদাতা একই মূল্যে সরবরাহের জন্য বাধ্য থাকবে। এ মর্মে একটি ফ্রেমওয়ার্ক চুক্তি স্বাক্ষর করতে হবে।

১৬. দরপত্রে উদ্বৃত্ত প্রতিটি মালামালের মূল্য দরপত্র দাখিলের তারিখ হতে সংশ্লিষ্ট অর্থবছর পর্যন্ত বহাল থাকতে হবে।

১৭. নির্দিষ্ট সময়ের মধ্যে জামানতের অর্থ জমা দিতে ব্যর্থ হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্র জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

১৮. দরপত্রের শর্তাদি এবং মূল্য ঠিক রেখে কর্তৃপক্ষ দরপত্রে উল্লেখিত মালামালের পরিমাণ হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৯. কর্তৃপক্ষের সরবরাহকৃত মালামালের পরিমাণ ও গুনগত পরীক্ষা করে সঠিক বিবেচিত হলেই উহা গ্রহণ করবে। কর্তৃপক্ষের বিবেচনায় মালামালের পরিমাণ ও মান সন্তোষজনক বিবেচিত না হলে সরবরাহকারী নিজ খরচে সরবরাহকৃত মালামাল ফেরত গ্রহণসহ ১০(দশ) দিনের মধ্যে সঠিক পরিমান ও গুনগতমান সম্পন্ন মালামাল সরবরাহে বাধ্য থাকবেন।

২০. দরপত্রের সাথে অরিজিনাল ক্যাটালগ (প্রযোজ্য ক্ষেত্রে) অবশ্যই দাখিল করতে হবে। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী প্রয়োজনে মালামালের নমুনা সরবরাহ করতে হবে।

২১. কোন শর্তযুক্ত দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২২. প্যাকেজ ভিত্তিক দর মূল্যায়ন করা হবে এবং প্যাকেজ ভিত্তিক সর্বনিম্ন দরদাতা নির্বাচন করা হবে।

২৩. মালামালের বিল হিসাবরক্ষণ অফিসের মাধ্যমে ব্যাংকে ইএফটিতে পরিশোধ করতে হবে।

২৪. সিডিউলে উদ্ধৃত অন্যান্য শর্তাবলি প্রযোজ্য হবে।

২৫. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/০৩/২০২৫

(ডা. মোঃ নুরুল হক)
যুগ্মসচিব (প্রশাসন)
ফোন: ০২-৫৫১০১৩৮৮
ইমেইল: jsadmin@ptd.gov.bd